# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 09.09.2024 Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবর –

১) সুপ্রিম কোর্ট, আর জি কর কান্ডের প্রতিবাদে আন্দোলনরত জুনিয়র ডাক্তারদের আগামীকাল বিকেল ৫-টার মধ্যে কাজে ফেরার নির্দেশ দিয়েছে। পরবর্তী শুনানি মঙ্গলবার ১৭-ই সেপ্টেম্বর।

২) আরজি কর নিয়ে আন্দোলনরত জুনিয়র ডাক্তারদের সঙ্গে তিনি আলোচনায় বসতে প্রস্তুত বলে মুখ্যমন্ত্রী ব্যানার্জি জানিয়েছেন।

আন্দোলন ছেড়ে এবার উৎসবে ফেরার আবেদন জানিয়েছেন তিনি।

৩) আর জি কর কান্ডে কলকাতা পুলিশ কমিশনারের অপসারণ ১৩-ই সেপ্টেম্বরের মধ্যে না হলে ১৪ তারিখ থেকে লালবাজার ঘেরাও করে ধর্ণায় বসবে সিপিআইএম।

অন্যদিকে, বিজেপি এই ইস্যুতে মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করেছে।

৪) সুপ্রিম কোর্ট, কয়লা পাচার কেলেঙ্কারি মামলায় ইডি-র সমনকে চ্যালেঞ্জ জানিয়ে তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জী ও তাঁর স্ত্রী রুজিরা ব্যানার্জীর আবেদন খারিজ করে দিয়েছে।

৫) রাজ্যের দুর্গাপুজো কমিটিগুলিকে অনুদান দেওয়ার কাজ শুরু হবে আগামীকাল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্ট, আর জি কর কান্ডের প্রতিবাদে আন্দোলনরত জুনিয়র ডাক্তারদের আগামীকাল বিকেল ৫-টার মধ্যে কাজে ফেরার নির্দেশ দিয়েছে। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পারদিওয়ালা ও বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চে আজ এই মামলার শুনানির সময় রাজ্যের তরফে প্রবীন আইনজীবী কপিল সিব্বাল, জুনিয়র ডাক্তারদের কর্মবিরতির জেরে সরকারি স্বাস্থ্য পরিষেবার বেহাল অবস্থার কথা তুলে ধরেন। তিনি জানান, চিকিৎসকদের আন্দোলন চলায় ২৩ জন রোগীর মৃত্যু হয়েছে। ৬ লক্ষ রোগী চিকিৎসা থেকে বঞ্চিত হয়েছেন। যে ডাক্তাররা কাজে ফিরবেন তাদের বিরুদ্ধে বদলি সহ শাস্তিমূলক কোন ব্যবস্থা নেওয়া হবে না বলে জানান শ্রী সিব্বাল।

এর প্রেক্ষিতে প্রধান বিচারপতি বলেন, আন্দোলনকারী চিকিৎসকরা যদি এই সময়সীমার মধ্যে কাজে না ফেরেন তাহলে তাঁদের বিরুদ্ধে রাজ্য সরকার ব্যবস্থা নেবে। পাশাপাশি চিকিৎসকদের মনে আস্থা ফেরাতে পদক্ষেপ করতে হবে রাজ্য সরকারকে। তাদের সুরক্ষা ও নিরাপত্তা সুনিশ্চিত করবে পুলিশ ও প্রশাসন। আন্দোলনকারী জুনিয়র চিকিৎসকদের ক্রমাগত হুমকি দেওয়া হচ্ছে বলে তাঁদের তরফে আইনজীবী গীতা লুথরা উদ্বেগ প্রকাশ করলে, প্রধান বিচারপতির বেঞ্চ এই নির্দেশ দেন। জেলাশাসক ও পুলিশ সুপারদেরও, জেলা হাসপাতালগুলিতে চিকিৎসকদের সুরক্ষার বিষয়টি সুনিশ্চিত করতে বলা হয়েছে। প্রধান বিচারপতি বলেন, কর্তব্য পালনের মূল্যে প্রতিবাদ করা যায় না।

স্বতঃপ্রণোদিত এই মামলায় আজ শুনানী শুরু হওয়ার পরই এখনও পর্যন্ত তদন্তের অগ্রগতি নিয়ে সিবিআই-এর পেশ করা স্টেটাস রিপোর্ট খুঁটিয়ে দেখেন তিন বিচারপতি। এদিনও জেনারেল ডায়রি ও এফআইআর দাখিলের নির্দিষ্ট সময়, প্রমাণ সংগ্রহ সহ একাধিক বিষয়ে অসংগতির প্রতি দৃষ্টি আকর্ষণ করেন সলিসিটর

জেনারেল তুষার মেহতা এবং আইনজীবী ফিরোজ এডুলজি। সিসিটিভি ফুটেজের সমগ্র অংশ সিবিআই পেয়েছে কিনা তা জানতে চাইলে রাজ্যের তরফ থেকে ফুটেজ হস্তান্তরের কথা আদালতকে জানানো হয়। এর প্রেক্ষিতে সি বি আই-এর তরফে সলিসিটার জেনারেল জানান, ২৭ মিনিটের মোট চারটি ক্লিপিং তদন্তকারী সংস্থাকে দেওয়া হয়েছে।

চিকিৎসক ছাত্রীর দেহের সুরতহালের পর ময়নাতদন্তের আগে যে চালানের প্রয়োজন হয়, বেঞ্চ সেটি দেখতে চাইলে কপিল সিবাল স্বীকার করেন , নথিটি এই মুহুর্তে তাঁর কাছে নেই। তিনি সেটি জোগাড় করে পেশ করবেন। যদিও কলকাতা হাইকোর্টে সেই নথি পেশ করা হয়েছিল বলে জানানো হয়।

দু-পক্ষের সওয়াল জবাব শুনে প্রধান বিচারপতি আগামী মঙ্গলবার ১৭-ই সেপ্টেম্বর সিবিআই-কে নতুন করে স্টেটাস রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেন। ওই দিনই হবে পরবর্তী শুনানী।

এদিকে, সুপ্রিম কোর্টে আজ একই সঙ্গে আর জি কর হাসপাতালে মোতায়েন সিআইএসএফ-এর সঙ্গে রাজ্যের অসহযোগিতার অভিযোগ সংক্রান্ত মামলার শুনানিও হয়। কেন্দ্রের তরফে আবারও বলা হয়, বাহিনীর থাকার যে বন্দোবস্ত করা হয়েছে, তা আর জি কর থেকে অনেকটাই দুরে। রাজ্যের পক্ষ থেকে অবশ্য এই অভিযোগ খারিজ করা হয়।

আর জি কর হাসপাতালের জুনিয়ার ডাক্তাররা কাজে ফেরার ব্যাপারে জিবি মিটিং-এর পর সিদ্ধান্ত নেবেন বলে জানিয়েছেন ।

(বাইট – ডাক্তার)

oooooooooooooooooooo

আরজি কর নিয়ে আন্দোলনকারী জুনিয়র ডাক্তারদের সঙ্গে তিনি আলোচনায় বসতে প্রস্তুত বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। সুপ্রিম কোর্টের আজকের নির্দেশকে সম্মান জানিয়ে জুনিয়র ডাক্তারদের কাজে ফিরতে অনুরোধ করেছেন তিনি। নবান্নে আজ রাজ্য স্তরের প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, আলোচনার রাস্তা সব সময় খোলা আছে।

(বাইট – মুখ্যমন্ত্রী কাজে ফিরুন)

প্রমাণ লোপাটের যাবতীয় অভিযোগ খারিজ করে মুখ্যমন্ত্রী বলেন, সরকারের কিছু গোপন করার নেই। কাউকে আড়াল করারও নেই। নির্যাতিতার পরিবারকে অর্থ সহায়তা প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, তিনি টাকার কথা বলেননি। এনিয়ে মিথ্যা প্রচার চলছে।

অন্যদিকে আরজি কর নিয়ে চলা নাগরিক আন্দোলনের প্রতি ইঙ্গিত করে তিনি বলেন, এখনো পর্যন্ত যত আন্দোলন হয়েছে তা অনুমতি ছাড়াই হয়েছে। কেন্দ্রীয় সরকারের প্ররোচনা এবং কয়েকটি বাম দল আন্দোলনের নামে অশান্তি ছড়াচ্ছে। আন্দোলন ছেড়ে এবার উৎসবে ফেরার আবেদন জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

(বাইট - মুখ্যমন্ত্রী পুজোয় ফিরুন)

oooooooooooooooooooo

আর জি কর কান্ডে কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েলের পদত্যাগের দাবিতে সিপিআইএম-এর লালবাজার অভিযানকে কেন্দ্র করে আজ ধর্মতলা চত্বর উত্তপ্ত হয়ে ওঠে। বেন্টিং স্ট্রীটের মুখে ব্যারিকেড দিয়ে পুলিশ মিছিল আটকে দিলে সেখানেই বসে পড়েন সূর্যকান্ত মিশ্র, মহম্মদ সেলিম সহ দলের নেতা কর্মীরা। সিপিআইএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম জানিয়েছেন, ১৩-ই সেপ্টেম্বরের মধ্যে

পুলিশ কমিশনারকে সরানো না হলে ১৪ তারিখ থেকে লালবাজার ঘেরাও করে রাতভোর ধর্ণায় বসবেন তারা।

( বাইট – সেলিম)

অন্যদিকে, নির্যাতিতার পরিবারকে টাকা দিতে চাওয়ার অভিযোগের প্রেক্ষিতে বিজেপি আজ ডিসি নর্থের কার্যালয় অভিযান করে। নেতৃত্বে ছিলেন সজল ঘোষ। মানিকতলায় পুলিশ মিছিল আটকে দিলে দু-পক্ষের হাতাহাতি বেধে যায়। রাস্তায় বসে শ্লোগান দিতে থাকেন দলীয় নেতা-কর্মীরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি, আর জি কর কান্ডে মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করেছে। দলের মুখপাত্র গৌরব ভাটিয়া আজ নতুন দিল্লিতে সাংবাদিক বৈঠকে অভিযোগ করেন, মমতা ব্যানার্জী নির্যাতিতার বদলে ধর্ষকের পাশে দাঁড়িয়েছেন। সুপ্রিম কোর্টে আজকের ২ ঘণ্টার শুনানিতে যদি কারোর লজ্জায় মাথা হেঁট না হয়ে থাকে, তাহলে তিনি হলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

( বাইট – ভাটিয়া)

দলের রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায়েরও অভিযোগ আর জি কর-এর ঘটনায় সত্যকে আড়াল করার চেষ্টা হয়েছে। সুপ্রিম কোর্টে আজকের সওয়াল জবাবে এটা স্পষ্ট যে, ঘটনাটিকে ধামাচাপা দেবার চেষ্টা করা হয়েছে।

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরীও আর জি কর কান্ডে প্রথম থেকে প্রকৃত সত্য ধামাচাপা দেওয়ার চেষ্টা করা হয়েছে বলে অভিযোগ করেছেন।

(বাইট – অধীর)

এদিকে, নির্যাতিতার মা-এর দাবি, মেয়ের মৃত্যুর পর পরিবারকে টাকা দেওয়ার কোন কথা তিনি বলেননি বলে মুখ্যমন্ত্রীর বক্তব্য অসত্য।

(বাইট – মা)

০০০০০০০০০০০০০০০০০০০০

আরজিকর কাণ্ডে তিলোত্তমার ন্যায় বিচার ও দোষীর দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে রাজ্য ছাত্র পরিষদ আজ কলকাতার কলেজ স্কোয়ারে অবস্থান বিক্ষোভ কর্মসূচি পালন করে। সভাপতি প্রিয়াঙ্কা চৌধুরী নেতৃত্বে সংগঠনের কর্মী সদস্যরা ওই অবস্থানে বিক্ষোভ কর্মসূচিতে অংশ নেন।

০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্ট, কয়লা পাচার কেলেঙ্কারি মামলায় ইডি-র সমনকে চ্যালেঞ্জ জানিয়ে তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জী ও তাঁর স্ত্রী রুজিরা ব্যানার্জীর আবেদন খারিজ করে দিয়েছে। ইস্টার্ন কোল্ড ফিল্ড এলাকায় বে-আইনীভাবে কয়লা তোলা এবং চুরির অভিযোগ সংক্রান্ত মামলায় জিজ্ঞাসাবাদের জন্য তাদের দিল্লিতে তলব করে ইডি। তার বিরুদ্ধে শীর্ষ আদালতের দ্বারস্থ হন অভিষেক ও রুজিরা। বিচারপতি বেলা এম ত্রিবেদী এবং বিচারপতি সতীশচন্দ্র শর্মার বেঞ্চ আজ সেই আবেদন খারিজ করে দেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের দুর্গাপুজো কমিটিগুলিকে চলতি বছরের পুজো অনুদান দেওয়ার কাজ আগামীকাল শুরু হবে। নবান্নে আজ রাজ্য স্তরের প্রশাসনিক বৈঠক থেকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি একথা ঘোষণা করেছেন। তিনি জানান, পুজো অনুদান দিতে এবার ৪৫০ কোটি টাকা খরচ হচ্ছে। অনেক নতুন পুজো কমিটি অনুদানের জন্য আবেদন

জানিয়েছে। কোনো পুজো কমিটি এই অনুদান প্রত্যাখ্যান করলে নতুন পুজো কমিটিকে তা দেওয়া হবে।

মুখ্যমন্ত্রীর বলেন, পুজোকে কেন্দ্র করে বহু গরিব মানুষের রুটি রুজির সংস্থান হয়। কিন্ত কিছু মানুষ পুজোকে ঘিরে কুৎসা, অপপ্রচার চালাচ্ছে। এর

অভিরূপ

oooooooooooooooooooo

oooooooooooooooooooo